কুষ্টিয়ার গড়াই নদীর তীরে তৈরি হচ্ছে পরিবেশ বান্ধব দৃষ্টিনন্দন পার্ক

কুষ্টিয়ার বড়বাজার গড়াই নদীর তীর সংলগ্ন এলাকায় পরিবেশবান্ধব পার্ক তৈরি করছে জেলা পরিষদ। প্রায় ৩৩ একর জায়গার ওপর এ পার্ক তৈরির কাজ শুরু হয়েছে বেশ কয়েক বছর আগেই। পার্কটির নাম দেয়া হয়েছে “জেলা পরিষদ পার্ক”।

ইতোমধ্যে পার্কের বাইরে এক হাজার নারিকেল গাছ লাগানো হয়েছে। ভেতরে বড় এলাকাজুড়ে লাগানো হয়েছে দেশি-বিদেশি নানা প্রজাতের বৃক্ষ ও ফুলের গাছ। ‘জেলা পরিষদ পার্ক’ নামে এটি তৈরির কাজ পুরো দমে চলছে। পার্ক চালু হলে এখানকার দৃষ্টিনন্দন সবুজ পরিবেশ সবার চোখ জুড়াবে। বাইরে থেকে দর্শনার্থীদের জন্যও এটি উন্মুক্ত থাকবে।

জেলা পরিষদ সূত্র জানিয়েছে, পরিবেশের কথা বিবেচনা করে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ এই দৃষ্টিনন্দন পার্ক তৈরির পরিকল্পনা করেন।

পরিকল্পনা অনুযায়ী কুষ্টিয়া জেলা পরিষদ বড়বাজার এলাকায় গড়াই নদীর তীরে জায়গা নির্ধারণ করা হয়। সেখানে বালু ভরাটের পর প্রায় ৩৩ একর জায়গাজুড়ে প্রাচীর দেয়া হয়। চার বছর আগে মাহবুব-উল আলম হানিফ পার্কটির নির্মাণকাজের উদ্বোধন করেন। এজন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করিয়ে দেন। এছাড়া জেলা পরিষদ তাদের নিজস্ব তহবিলের অর্থ দিয়েও কাজ করছে। এমপি নিজেই ঢাকার একটি ফার্ম থেকে পার্কের জন্য নকশা তৈরি করেছেন।

সরেজমিনে দেখা যায়, গড়াই নদীর তীর ঘেঁষে পুরো দমে চলছে পার্কের নির্মাণকাজ। বাইরে নদীর পাড়ে লাগানো হয়েছে আমগাছ। চারপাশে রোপণ করা হয়েছে নারিকেল গাছের চারা। পার্কটির জন্য ২০ একরের বেশি জায়গা নির্ধারণ করে প্রাচীরের পাশাপাশি দুটি প্রবেশদ্বার দেয়া হয়েছে। ভেতরের নানা অংশে দৃষ্টিনন্দন গোলচত্বর তৈরি করা হয়েছে। পুরো এলাকার জন্য ভেতরে রয়েছে পাকা সড়ক। ইট-পাথরের ঢালাইয়ের গোল চত্বরে রোপণ করা হয়েছে দেশি-বিদেশি নানা প্রজাতির বৃক্ষ ও ফুলের গাছ।

জেলা পরিষদের উপ-সহকারী প্রকৌশলী মেজবাহুর রহমান বলেন, পুরোদমে কাজ চলছে। ভেতরে এখনও যেসব অংশে কাজ বাকি আছে, সেখানে ঢালাইয়ের কাজ চলছে। বাইরের যে অংশে বালু ভরাট করা রয়েছে সেখানেও গাড়ি পার্কিংসহ অন্যান্য স্থাপনা নির্মাণ করা হবে।

কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান হাজি রবিউল ইসলাম বলেন, শিশুদের মানসিক ও শারিরীক বিকাশের জন্য প্রয়োজনীয় বিনোদনস্থল গুলো হারিয়ে যাচ্ছে। তিনি বলেন, বিনোদনের জন্য এই গড়াই নদীর পাড়ে বিশাল জায়গায় একটা পার্ক স্থাপনের চিন্তা অনেক আগে থেকেই ছিলো কুষ্টিয়া সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফের। সেই চিন্তা থেকেই জেলা পরিষদের মাধ্যমে এখানে পার্ক নির্মাণ শুরু করতে যাচ্ছি।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান বলেন, পার্কটি মূলত উদ্যান। বাণিজ্যিক বিষয় মাথায় নিয়ে পার্ক তৈরি করা হচ্ছে না। ইতোমধ্যে ছয় কোটি টাকার বেশি খরচ হয়ে পার্ক জেলাবাসীর বিনোদনের খোরাক মেটাবে।

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ফেরদৌস রিয়াজ জিল্লুর দাফন সম্পন্ন

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ও প্রকাশক ফেরদৌস রিয়াজ জিল্লু (৩৮) আর নেই(ইন্না-লিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

এছাড়াও তিনি জাতীয় দৈনিক গণকন্ঠ পত্রিকার কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কাজ করতেন। ৪সেপ্টেম্বর শুক্রবার (আজ) রাত ২ টা ৩০ মিনিটে ঢাকায় নেয়ার পথে গোয়ালন্দ ঘাটের কাছে সে মৃত্যুবরণ করে। মৃত্যুকালে তিনি স্ত্রী, পুত্র, কন্যা, পিতা-মাতাসহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে গেছে।

পরিবার সুত্রে জানা যায়, ৩সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সন্ধায়

গুরুত্বর অসুস্থ্য হলে তাকে কুষ্টিয়া ২৫০ শয্যার হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে ২ নং ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তার অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে ঢাকায় প্রেরণের পরামর্শ দেন।

এর পর রাতেই অ্যাম্বুলেন্স যোগে ঢাকায় নেয়ার পথে সে মৃত্যুবরণ করে। প্রয়াত সাংবাদিক ফেরদৌস রিয়াজ জিল্লুর মৃত্যুতে কুষ্টিয়ার সাংবাদিকেরা গভীর ভাবে শোক প্রকাশ করেন। মরহুমের জানাযা নামাজ বাদ জুম্মা শহরের জিকে মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়ে পরে পৌর গোরস্তানে দাফন সম্পন্ন হয়।

দৌলতপুরের এমপির ভাই নিহত হাসিনুর রহমানের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত

কুষ্টিয়ার দৌলতপুরে দুর্বৃত্তের হামলায় এমপির ভাই নিহত হাসিনুর রহমানের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টায় দৌলতপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এই শোকসভা হয়।

দৌলতপুর উপজেলার আওয়ামী লীগের সহ-সভাপতি মঈন উদ্দিন মোহনের সভাপতিত্বে শোক সভায় স্থানীয় সাংসদ সরোয়ার জাহান বাদশা হত্যার মদদদাতা ও রাজনৈতিক পরিকল্পনাকারীদের চিহ্নিত করে তাদের আইনের আওতায় আনার দাবি জানান।

নিহত হাসিনুর সাংসদ সরোয়ার জাহান বাদশার ফুফাতো ভাই।

সভায় আরও বক্তব্য রাখেন ভেড়ামারা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান আক্তারুজ্জামান মিঠু, মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফিন, দৌলতপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সাক্কির আহমেদ, মহিলা ভাইস চেয়ারম্যান সোনালী খাতুন আলেয়া, দৌলতপুর কলেজের অধ্যক্ষ ছাদিকুজ্জামান খান সুমন, মুক্তিযোদ্ধা হায়দার আলী, দৌলতপুর কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সরকার আমিরুল ইসলাম, দৌলতপুর স্বেচ্ছাসেবক লীগের

আহ্বায়ক ইউপি চেয়ারম্যান শাহ আলমগীর, সাবেক ছাত্রলীগের সভাপতি সরদার আতিয়ার রহমান আতিক, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল কাদের, ওরুশ কবিরাজ, যুবলীগ নেতা ওয়াসিম কবিরাজসহ অওয়ামী লীগ দলীয় নেতৃবৃন্দ।

প্রসঙ্গত, গত ২৯ আগস্ট একই এলাকার চা দোকানি মজিবর রহমান বয়াতি রামদা দিয়ে কুপিয়ে হত্যা করে হাসিনুরকে। খবর পেয়ে পুলিশ মজিবরকে নিজ বাড়ি থেকে আটক করে। পরে মজিবর কুষ্টিয়ার আদালতে স্বীকারেক্তিমূলক জবানবন্দী দেন।

জবানবন্দীতে তিনি বলেন, তার ছেলেকে ২০১৯ সালের কোরবানির ঈদে সন্ধ্যায় হত্যা করে হাসিনুরের লোকজন। পরে তিনি আদালতে মামলা করেন। আদালতের নির্দেশে মামলাটি থানায় নথিভুক্ত হয়।

ব্লাড ক্যান্সারে আক্রান্ত রাসেল শেখকে বাঁচাতে এগিয়ে আসুন

বয়সে তরুণ মোঃ রাসেল শেখকে বাঁচাতে এগিয়ে আসুন। বর্তমানে সে ব্লাড ক্যান্সারে আক্রান্ত হয়ে মহাখালীর ক্যান্সার হাসপাতালে চিকিৎসাধীন।

ব্যয়বহুল চিকিৎসা করাতে হিমশিম খেয়ে আর একার পক্ষে সম্ভব হচ্ছে না, তার দরিদ্র ভ্যানচালক পিতা ইসলাম আলীর।

রাসেল কুমারখালির পান্টি বহুমুখী উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র।

জীবনমৃত্যুর সন্ধিক্ষণে এই অসহায় সন্তানকে বাঁচাতে সকলের সহযোগিতা কামনা করেছেন তার পরিবার। হয়তবা সকলের দোয়া ও আার্থিক সহযোগিতায় রাসেল আবার সকলের মাঝে সুস্থ্য হয়ে ফিরে আসতে পারে।

তাই নিজ নিজ সামর্থ্য মতো একটি ফুলকে বাঁচাতে এগিয়ে আসতে

সহযোগিতা চেয়েছেন তার পরিবার।অর্থ সহযোগিতা করতে পারেন, বিকাশ নাম্বার-০১৭৭০-৪৭৮০২৮।

কুষ্টিয়ায় এক্সিলেন্ট ওয়ার্ল্ড এগ্রোফুডকে ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় মিথ্যা বিজ্ঞাপন, অসত্য বক্তব্য, সভা, সেমিনার ইত্যাদি করে সাধারণ মানুষ কে আকৃষ্ট ও প্রতারণার মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে এক্সিলেন্ট ওয়ার্ল্ড এগ্রোফুড এন্ড কসমেটিক লিঃ কে দুই লাখ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে শহরের পুলিশ লাইনের সামনে এ অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন কুষ্টিয়া জেলা প্রশাসনের নির্বাহী মাজিস্ট্রেট ও সহকারী কমিশনার সবুজ হাসান।

তিনি জানান, দীর্ঘদিন ধরে শহরের পুলিশ লাইনের সামনে সাফিনা টাওয়ারের একটি ফ্ল্যাটে এক্সিলেন্ট ওয়ার্ল্ড এগ্রোফুড এন্ড কসমেটিক লিঃ নামে একটি প্রতারক চক্র মিথ্যা বিজ্ঞাপন, অসত্য বক্তব্য, সভা, সেমিনার ইত্যাদি করে সাধারণ মানুষ কে আকৃষ্ট ও প্রতারণার মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছিলো।

এমন সংবাদের ভিত্তিতে বুধবার বিকেলে অভিযান চালিয়ে কোম্পানির জেনারেল ম্যানেজার তারিক উদ্দিন আহম্মেদ, জাকির হোসেন, সোহাগুর রহমান, তুহিন চৌধুরী ও আবু চাঁদকে আটক করা হয়।

পরে তারা দোষ স্বীকার করলে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারায় ২ লক্ষ টাকা অর্থদণ্ডের শাস্তি প্রদান করা হয়৷

অভিযানে জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শিরিন

আক্তার সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যুর অভিযোগ

কুষ্টিয়া শহরের একটি বেসরকারী ক্লিনিকে ভুল চিকিৎসায় শাপলা খাতুন নামে এক প্রসূতির মৃত্যুর অভিযোগ উঠেছে।

আজ বুধবার (২ সেপ্টেম্বর) সকাল ৯টার দিকে কুষ্টিয়া শহরের কাষ্টম মোড়স্থ শাপলা ক্লিনিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় রোগির স্বজন ও এলাকাবাসি ক্লিনিক ঘেরাও করে বিক্ষোভ শুরু করলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

কুমারখালী উপজেলার সোন্দা গ্রামের জুলের সন্তানসম্ভাবা স্ত্রী শাপলা খাতুনকে ওই ক্লিনিকে ভর্তি করা হয় মঙ্গলবার রাতে। পরে ওই রাতেই তার সিজারিয়ান অপারেশন হয়। ক্লিনিক কর্তৃপক্ষের চাহিদা মত রোগির স্বজনরা রোগির জন্য রক্ত এনে দেন।

তবে রোগীর স্বজনদের অভিযোগ, তাদের সরবরাহ রক্ত না দিয়ে ক্লিনিকের লোকজন ভুল গ্রুপের রক্ত পুশ করে রোগীর শরীরে। এতে রোগির অবস্থার অবনতি হয়। পরে সকালে তিনি মারা যান। এ ঘটনায় রোগির স্বজন ও এলাকাবাসি ক্লিনিকে বিক্ষোভ দেখায়। পরে পুলিশ এসে ব্যবস্থা গ্রহণের আশ্ব্স দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

কুষ্টিয়ায় বিষমুক্ত সবজির হাট

কুষ্টিয়া শহরে প্রথমবারের মতো চালু হয়েছে রাসায়নিক সার ও বিষমুক্ত অর্গানিক সবজির বাজার ‘কৃষকের হাট’।

শহরের প্রাণকেন্দ্র পাবলিক লাইব্রেরি মাঠ প্রাঙ্গণে প্রতি শুক্র ও শনিবার সকাল ৭টা হতে ১টা পর্যন্ত রাসায়নিকমুক্ত কৃষকের উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তার নিকট বিক্রির জন্য বসবে এই হাট। যেখানে কৃষক পর্যায়ে উৎপাদিত সবজি বিক্রি করা হবে।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) এই হাটের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষি সম্প্রসারণ অধিদফতর, কৃষি বিপণন অধিদফতর ও বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এই হাটের সার্বিক তত্ত্বাবধানে বসবে এই হাট।

উদ্বোধন শেষে জেলা প্রশাসক আসলাম হোসেন বলেন, ‘অর্গানিক ফসলের দাম একটু বেশিই হয়ে থাকে। তাই নিরাপদ খাদ্যের দাম বেশি হলেও চাহিদাও বাড়ে। এখানে যে সবজি আনা হয়েছে তাতে কোনো কেমিক্যাল নেই, তারা রাসায়নিক সার ব্যবহার করেনি।’

তিনি বলেন, প্রান্তিক কৃষকের উৎপাদিত নিরাপদ সবজি নিয়ে ও কৃষকের হাটের শহরের মানুষগুলোর জন্য টাটকা ও বিশুদ্ধতা সবজি পেতে সহায়ক ভুমিকা পালন করবে। এছাড়াও কৃষক তার উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাবেন।

নিরাপদ খাদ্যের জন্য সচেতনতার বেশি প্রয়োজন উল্লেখ করে জেলা প্রশাসক আরও বলেন, ‘কৃষির উন্নয়নের ওপর নির্ভর করে শিল্পের উন্নয়ন হয়। কৃষিজাত পণ্যের প্রক্রিয়াজাতের শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানসহ এই শিল্পটি প্রসারিত হবে। এবছর এই হাটে ভোক্তাদের যে সাড়া পড়েছে আগামীতে আরও বড় পরিসরে এই হাটের আয়োজন করা হবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ শ্যামল কুমার বিশ্বাসের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লুৎফুন নাহার, উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা ও উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) জুবায়ের হোসেন চৌধুরীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ শ্যামল কুমার বিশ্বাস বলেন, ‘পণ্যের ন্যায্য মূল্য পাওয়া কৃষকের অধিকার। সরকার কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। নিরাপদ খাদ্য উৎপাদনের উদ্যোগ নিয়ে এটি

আধুনিক কৃষির পথচলার শুরু হলো। এ ধারা অব্যাহত রাখা হবে বলেও জানান তিনি।

কুমারখালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত ২০

কুষ্টিয়ার কুমারখালীর চাঁদপুর ইউনিয়নের ধলনগরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে অন্ততঃ ২০জন আহত হয়েছে। ভাংচুর করা হয়েছে কমপক্ষে ২০টি বাড়ি। মঙ্গলবার সকালে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয়দের সাথে কথা বলে জানা যায়, ধলনগর গ্রামের রবি মালিথা ও আফজাল মেম্বর গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ চলে আসছে। এর সূত্র ধরে দুইপক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে আফজাল মেম্বর গ্রুপের নারীসহ অন্ততঃ ২০ জন আহত হয়। এসময় প্রায় ২০টি বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট চালানো হয়।

এলাকাবাসীর অভিযোগ রবি মালিথার নেতৃত্বে উজ্জলসহ ১৫ থেকে ২০ জন দীর্ঘদিন ধরে এলাকায় জমিদখল, চাঁদাবাজি ও মাদক ব্যবসাসহ নানারকম অপকর্মে লিপ্ত । আফজাল মেম্বরসহ এলাকাবাসী প্রতিবাদ করায় বেশ কয়েকবার তাদের সাথে সংঘর্ষের ঘটনা ঘটে।

কুমারখালী থানার ওসি মামুনুর রশিদ (ভারপ্রাপ্ত) জানান, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মূলত দুইপক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।

পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে লাভবান হচ্ছে মিরপুরের কৃষকরা

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় বসতবাড়ির আঙ্গিনায় লাল শাক, পুঁইশাক, কলমি, বেগুন, ঢেড়শ ও করলা, মিষ্টি কুমড়াসহ বিভিন্ন সবজি শোভা পাচ্ছে। সবজিগুলো পরিবারের পুষ্টি চাহিদা মেটানোর পাশাপাশি স্থানীয় বাজারে আবার বিক্রি করে অর্থও উপার্জন করছেন কৃষকেরা। একজনের দেখাদেখি অনেক কৃষকই পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে আগ্রহী উঠছেন। উপজেলায় ৪১৬টি পরিবার বসতবাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপন করে লাভবান হয়েছে।

মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সুত্রে জানা যায়, করোনা পরবর্তী সময়ে খাদ্য সঙ্কট মোকাবিলায় মিরপুর উপজেলার ১৩টি ইউনিয়নের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের বসতবাড়ির আঙ্গিনায় ৪১৬টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।

উপজেলার বারুইপাড়া ইউনিয়নের মশান গ্রামের কৃষক জামাল উদ্দিনের পুষ্টি বাগানে গিয়ে দেখা যায় তিনি বাগান পরিচর্যায় ব্যস্ত সময় কাটাচ্ছেন। তার বাগানে প্রথম দফায় লাল শাক, পুঁইশাক, গৃমা কলমি, বেগুন ও করলার বীজ রোপন করেছেন। ইতিমধ্যেই তিনি লাল শাক ও পুঁইশাক বাগান থেকে তুলে পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি তা বিক্রি করে অর্থও উপার্জন করছেন।

কৃষক জামাল উদ্দিন জানান, গত তিন মাস আগে তার বাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপনের জন্য বাঁশের বেড়া, সার ও শ্রমিক খরচ বাবদ ১ হাজার ৯৩৫ টাকা এবং বছর ব্যাপি আবাদের জন্য ১২ ধরনের শাক সবজির বীজ প্রদান করেছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। তারা নিয়মিত খোঁজ খবর রাখছেন এবং বিভিন্ন ধরনের সহযোগিতাও করেছেন। শাকসবজি আবাদ করে পরিবারের চাহিদা মিটিয়ে এবং কিছুটা বিক্রি করে আর্থিকভাবেও লাভবান হয়েছি।

মিরপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা মাহিরুল ইসলাম ও জান্নাতুল ফেরদৌস জানান, কৃষক মাত্র এক শতাংশ জমিতেই ১৪টির মতো শাকসবজি আবাদ করতে পারবেন। একটির পর একটি ফসল উঠে থাকে। এতে পরিবারের চাহিদা পুরন হওয়ার পাশাপাশি

বেশি উৎপাদন হলে কিছু বিক্রি করে অর্থ উপার্জনও করে স্বচ্ছলতা আনতে পারে।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণ করে দেশের এক ইঞ্চি জমিও অনাবাদি রাখতে চায় না কৃষি মন্ত্রণালয়। তাই বাড়ির পাশের খালি জায়গাগুলোতে ফসল উৎপাদন করতে নানা উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া শহরের বাসাবাড়ির ছাদেও বিভিন্ন শাকসবজি উৎপাদনে উৎসাহিত করা হচ্ছে।

মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা রমেশ চন্দ্র ঘোষ জানান, করোনা পরবর্তী সময়ে খাদ্য সঙ্কট মোকাবিলায় পারিবারিক কৃষিকে গুরুত্ব দিয়েছে সরকার। এজন্য বসতবাড়ির আঙ্গিনা থেকে শুরু করে বাসাবাড়ির ছাদেও নানা ধরনের শাকসবজি উৎপাদনের উদ্যোগ নেয়া হয়েছে। এতে উৎপাদিত পণ্যে পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি অতিরিক্ত হলে তা বিক্রি করে অর্থও উপার্জন করা যাবে।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাস জানান, এই উপজেলার ১৪?৩টি ইউনিয়নে ৪১৬টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। ইতিমধ্যেই কৃষক সুফল পেতে শুরু করেছে।

কুমারখালীতে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে মোবাইল কোর্ট অব্যাহত

কুষ্টিয়ার কুমারখালীর শহর ও শহরতলী, ব্যবসা প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি দপ্তরে আবশ্যিক মাস্ক ব্যবহার নিশ্চিত করতে প্রতিদিন পরিচালিত হচ্ছে মোবাইল কোর্ট।

উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে ইতোমধ্যে সকল দোকান ও সরকারি দপ্তরে “মাস্ক নাই তো বাজার নাই, কোন সরকারি সেবা নাই” নোটিশ টাঙিয়ে দেয়া হয়েছে ।

সোমবার প্রতিদিনের ন্যায় নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার রাজিবুল ইসলাম খান কুমারখালী উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে, বাজারের বিভিন্ন দোকানে এবং সড়কে মাস্ক ব্যবহার না করায় সংক্রামক রোগ নিয়ন্ত্রণ প্রতিরোধ ও নির্মূল আইন ২০১৮ অনুযায়ী ১৭টি মামলায় ১৭ জনকে ৭ হাজার টাকা জরিমানা করেন।

এ সময় কুমারখালী থানা পুলিশ, পেশকার এবং অফিসের স্টাফ মোবাইল কোর্টকে সহোযোগিতা করেন।